দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা ১ কলাম ৭

NOV. 28 2002

# কাঠমন্ডুতে ৫ম সার্ক লেখক সম্মেলন শুরু

সাদামাটা অনুষ্ঠানের মধ্য দিয়ে নেপালের রাজধানী কাঠমন্ডুতে বৃহস্পতিবার শুরু হয়েছে ৫ম সার্ক লেখক সম্মেলন। এএফপি।

নেপালের ঐতিহ্যবাহী তেলের বাতি জ্বালিয়ে প্রধানমন্ত্রী শের বাহাদুর দিউবা সম্মেলনের উদ্বোধন করেন।

সার্ক দেশের ২৫ জন লেখক ও বুদ্ধিজীবী ৪ দিনব্যাপী এ সম্মেলনে অংশগ্রহণ করছেন।

উদ্বোধন অনুষ্ঠানে নেপালি প্রধানমন্ত্রী বলেন, এ সম্মেলন দক্ষিণ এশিয়ায় সেরা সাহিত্যিকদের একসঙ্গে বসার সুযোগ করে দিয়েছে।

পারস্পরিক মিথস্ক্রিয়ার ফলে দক্ষিণ

শুরু ঃ পৃঃ ২ কঃ ৫

## শুরু ঃ লেখক সম্মেলন

(১ম পৃষ্ঠার পর)

এশিয়ার লুকায়িত অনেক সাত্যি প্রতিভা বের হয়ে আসবে।

বীর বাহাদুর দিউবা লেখকদের উদ্দেশে বলেন, আমাদের সুশীল সমাজের জন্য আপনাদের উপস্থিতি খুবই গুরুত্বপূর্ণ। আপনাদের প্রজ্ঞা এ অঞ্চলের পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করবে।

প্রথম সার্ক লেখক সম্মেলন নয়াদিল্লিতে, দ্বিতীয়টি কাঠমন্ডুতে, তৃতীয় সম্মেলন ঢাকায় এবং চতুর্থ সম্মেলন নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়।